35

তারিখ 11 MAY 1990
পৃষ্ঠা ... কলাম ...

# ফাঁকা গুলি : ৫০৭৮ বহিষ্কার

(প্রথম পৃঃ পর)

ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে। পুলিশ বহিরাগতদের ছত্রভঙ্গ করতে কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। কুমিল্লার বড়ুরা কেন্দ্রে বহিরাগতদের সঙ্গে পুলিশের সংঘর্ষে দু'জন পুলিশসহ বেশ কয়েকজন আহত হয়। বিভিন্ন স্থানে সংঘর্ষে শতাধিক ব্যক্তি আহত হয়েছে বলে খবর পাওয়া গেছে।

দিনাজপুরে একজন ছাত্রীকে বহিষ্কারের পর সে ট্রেনের নীচে ঝাঁপিয়ে পড়ে আত্মহত্যা করে।

এসএসসি পরীক্ষার প্রথম দিনে গতকাল ছিল বাংলা প্রথম ও দ্বিতীয়পত্রের পরীক্ষা।

চার বোর্ডের দু'শতাধিক কেন্দ্র থেকে নকল করার দায়ে ৫ হাজার ৭৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া নকল সরবরাহকালে ভ্রাম্যমাণ আদালত শিবালয়ে ৭ জনকে ২৬শ টাকা, নারায়ণগঞ্জের রূপগঞ্জে একজনকে ৭ দিনের জেল ও বগুড়ায় ৫ জনকে এক হাজার টাকা করে জরিমানা করা হয়। অসদুপায়ের সঙ্গে জড়িত থাকার দায়ে ১৫ জন পরিদর্শককেও বহিষ্কারের খবর পাওয়া গেছে।

রাত এগারটা পর্যন্ত পাওয়া খবরে রাজশাহী বোর্ডেই বহিষ্কৃতের সংখ্যা বেশি ১৬৪১ জন। ঢাকা বোর্ডে ১৪৫২, কুমিল্লা বোর্ডে ১২৫২ এবং যশোর বোর্ডে ৭৪৩ জন বহিষ্কৃত হয়।

দৈনিক বাংলার স্টাফ রিপোর্টার, নিজস্ব প্রতিনিধি ও নিজস্ব সংবাদদাতাদের পাঠানো খবরঃ

## চট্টগ্রাম

হাটহাজারী কলেজ কেন্দ্রে তিন শতাধিক পরীক্ষার্থী কয়েকজন শিক্ষকের স্বজনপ্রীতির প্রতিবাদে পরীক্ষাহল ত্যাগ করে এবং কেন্দ্রে ভাঙচুর করে। পরীক্ষার্থীদের সমর্থনে জনতা এগিয়ে আসে। এসময় জনতা-পুলিশ সংঘর্ষ বেধে যায়। সংঘর্ষে ধাওয়া পাল্টা ধাওয়া, ইটপাটকেল বিনিময় হয়। পুলিশ জনতাকে ছত্রভঙ্গ করতে লাঠিচার্জ করে এবং ৭ রাউন্ড ফাঁকা গুলি ছোড়ে। আধাঘন্টা সংঘর্ষ চলার পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। ফলে এসএসসি পরীক্ষা আধা ঘন্টা বিলম্বে শুরু হয়।

রাউজানে সকালে আব্দুল কাদের নামে যে যুবক ছুরিকাঘাতে মারা যায় তিনি এনডিপির কর্মী বলে জানা গেছে। এনডিপি এক বিবৃতিতে আব্দুল কাদেরকে ছাত্রলীগ (হা-অ) কর্মীরা হত্যা করেছে বল অভিযোগ করেছে।

এসএসসি পরীক্ষার প্রথম দিনে বাংলা প্রথমপত্র ও দ্বিতীয়পত্রের পরীক্ষায় চট্টগ্রামের ৭টি কেন্দ্রে ৩৭ জন বহিষ্কৃত হয়েছে।

১৪হাজার ৪৮৬জন পরীক্ষার্থী অংশ নেয়। ভ্রাম্যমাণ আদালত জেলার বিভিন্ন কেন্দ্রে নকল সরবরাহের অভিযোগে ৫জনকে এক হাজার টাকা করে জরিমানা করেছে।

## সিলেট

সিলেট জেলার ১১টি উপজেলার তিনটিতে মোট ১৯জন পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে প্রথমপত্রে ১১জন ও দ্বিতীয়পত্রে ৮জন, সিলেট শহরে ৫জন, বালাগঞ্জে ৮জন ও জৈন্তাপুরে ৬জন। জেলার সর্বত্র শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

এছাড়া হবিগঞ্জে ১৪জন এবং সুনামগঞ্জ জেলায় ১জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

## খুলনা

এসএসসি পরীক্ষার প্রথম দিনে ১০টি কেন্দ্রে ২৩০৪জন ছাত্রীসহ চার হাজার চারশ ৯৮জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষায় নকল করার দায়ে একজন ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়।

## পটুয়াখালী

পটুয়াখালীর ৬টি কেন্দ্রে পরীক্ষায় নকল করার দায়ে ৩৩জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। প্রথমদিনের পরীক্ষায় ১০৯জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়।

## টাঙ্গাইল

টাঙ্গাইলের ১১টি উপজেলার ১৮টি কেন্দ্রে এসএসসি পরীক্ষার প্রথমদিনে ২০৭জনকে নকলের অভিযোগে বহিষ্কার করা হয়। সখীপুর উপজেলায় নকল সরবরাহ করার দায়ে একজনকে গ্রেফতার করা হয়। শান্তিপূর্ণভাবে সর্বত্র পরীক্ষা হয়।

## রাজবাড়ি

পরীক্ষায় নকল করার অভিযোগে রাজবাড়িতে ৩জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। মোট ১৭৬৮ জন পরীক্ষার্থীর মধ্যে ১৩জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। ঢাকা বোর্ডের সচিব আকস্মিকভাবে রাজবাড়ির কয়েকটি কেন্দ্র পরিদর্শন করেন।

## চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় এসএসসি পরীক্ষায় প্রথম দিনে নকলের অভিযোগে ৪জনকে বহিষ্কার করা হয়।

## নেত্রকোনা

নেত্রকোনায় শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার প্রথমদিনে ৭জনকে নকলের অভিযোগে বহিষ্কার করা হয়।

## জামালপুর

## ঢাকা বোর্ড

ঢাকা বোর্ডের ৭৮টি কেন্দ্র থেকে সর্বমোট এক হাজার ৩৮৪ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে ঢাকা জেলার ২টি কেন্দ্র থেকে ৪ জন, গাজীপুরের ৫টি কেন্দ্র থেকে ৩২ জন, নরসিংদীর ৫টি কেন্দ্র থেকে ৭৯ জন, টাঙ্গাইলের ১১টি কেন্দ্রে ২০৮ জন, ফরিদপুরের ৭টি কেন্দ্রে ৫৯ জন, রাজবাড়ীর ৩টি কেন্দ্রে ৮ জন, গোপালগঞ্জের ৪টি কেন্দ্রে ১১১ জন, ময়মনসিংহের ১২টি কেন্দ্রে ২২৫ জন, কিশোরগঞ্জের ১৩টি কেন্দ্রে ৩৫৪ জন, জামালপুরের ৭টি কেন্দ্রে ১২৭ জন, শেরপুরের ৫টি কেন্দ্রে ১৩৯ জনকে বহিষ্কার করা হয়েছে।

ঢাকা বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে নকলে সহায়তা করার অভিযোগে ৮ জন পরিদর্শককেও বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ফরিদগঞ্জ থেকে ৪ জন, গোপালগঞ্জ থেকে ২ জন এবং কিশোরগঞ্জ থেকে ২ জন বহিষ্কৃত হয়েছেন।

## রাজশাহী বোর্ড

কন্ট্রোল রুম জানায়, রাজশাহী বোর্ডের ১৫টি জেলার ৮১ কেন্দ্র থেকে সর্বমোট এক হাজার ৬৭১জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে চাঁপাইনবাবগঞ্জ জেলার ৫টি কেন্দ্রে ৫১জন, পঞ্চগড় জেলার ১টি কেন্দ্রে ৩০জন, সিরাজগঞ্জের ৮টি কেন্দ্রে ১০৭জন, ঠাকুরগাঁওয়ের ৫টি কেন্দ্রে ১৫৩জন, লালমনিরহাটের ২টি কেন্দ্রে ৪জন, নীলফামারীর ৫টি কেন্দ্রে ৯৪জন, রাজশাহীর ৭টি কেন্দ্রে ২৫জন এবং দিনাজপুরের ১টি কেন্দ্র থেকে ১১জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছেন।

## কুমিল্লা বোর্ড কন্ট্রোল রুম

কুমিল্লা বোর্ডের ১২৮টি কেন্দ্রের মধ্যে ৬০টি কেন্দ্রে ৭৬২জন পরীক্ষার্থীকে নকলের দায়ে.. বহিষ্কার করা হয়। চান্দিনায় ১১জন বহিরাগতকে নকল সরবরাহের দায়ে গ্রেফতার করা হয়।

## নারায়ণগঞ্জ

এসএসসি পরীক্ষার প্রথম দিনে নারায়ণগঞ্জ জেলায় নকল দেয়ার অভিযোগে ১০টি কেন্দ্র থেকে ২৯ জনকে বহিষ্কার করা হয়। এদের মধ্যে ২০জন রূপগঞ্জ, ৮ জন আড়াইহাজার ও ১জন নারায়ণগঞ্জ সদরে। নকল সরবরাহের অভিযোগে ৪জনকে গ্রেফতার ও ভ্রাম্যমাণ আদালত রূপগঞ্জ থেকে একজনকে সাজা দিয়ে জেলহাজতে প্রেরণ করেছে।

## বগুড়া

এসএসসি পরীক্ষার প্রথম দিনে বগুড়া জেলার ১৩টি কেন্দ্রে নকল করার দায়ে ৬২১জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। জেলায়

জামালপুর জেলার ৭টি কেন্দ্র থেকে বাংলা প্রথমপত্রের পরীক্ষায় নকল করার দায়ে ১২৭জনকে বহিষ্কার করা হয়েছে। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। দ্বিতীয়পত্রে বহিষ্কারের কোন খবর জেলা কন্ট্রোল রুম থেকে সন্ধ্যা নাগাদ পাওয়া যায়নি।

## শরীয়তপুর

এসএসসি পরীক্ষার প্রথমদিনে শরিয়তপুর জেলার ৬টি কেন্দ্রে ৩২জন পরীক্ষার্থী বহিষ্কার করা হয়েছে। শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

## রাজশাহী

রাজশাহী জেলার ৮টি কেন্দ্রে নকলের দায়ে ২২জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। জেলায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ৮ হাজার ৫৬৫জন।

## পাবনা

পাবনায় শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা হয়েছে। পাবনার ১০টি কেন্দ্র থেকে ৮৮৯২জন পরীক্ষার্থীর মধ্যে ৮৭৭৬জন পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে ২,৭০৬জন মহিলা। ১০টি কেন্দ্রের মধ্যে ৭টি কেন্দ্র থেকে নকল করার দায়ে ৭০জনকে বহিষ্কার করা হয়। এদের মধ্যে ৫৯জন ছাত্র ও ১১জন ছাত্রী রয়েছে।

## মানিকগঞ্জ

মানিকগঞ্জের ৭টি কেন্দ্রে ৩৬জন পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়। এর মধ্যে ৭জন মহিলা। নকল সরবরাহের দায়ে পুলিশ দু'জনকে গ্রেফতার করেছে। শিবালয়ে ভ্রাম্যমাণ আদালত হাইস্কুল কেন্দ্রে দু'শ গজ ভেতরে প্রবেশের অভিযোগে ৭জনকে ২৬শ টাকা জরিমানা করে।

সাভার অধরচন্দ্র হাইস্কুল কেন্দ্রে ৪জন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। ধামরাই কেন্দ্রে ৯জনকে নকলের দায়ে বহিষ্কার করা হয়।

## মাইজদীকোর্ট

নোয়াখালী ৬টি কেন্দ্রে নকলের দায়ে ১৬৪জনকে বহিষ্কার করা হয়েছে। এরমধ্যে নোয়াখালী সদর-৬৩, হাতিয়া ২৮, বেগমগঞ্জ ২৩, চাটখিল ২৩, কোম্পানীগঞ্জ ১৭ ও সেনবাগে১০জন।

## ঝিনাইদহ

ঝিনাইদহের ৯টি কেন্দ্রে ১৫জন বহিষ্কৃত হয়েছে। কালিগঞ্জ কেন্দ্রে বহিরাগতদের সঙ্গে পুলিশের ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। ঝিনাইদহ ফজর আলী বালিকা বিদ্যালয়ে একজন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে।

## বরিশাল

বরিশালের ৯টি কেন্দ্রে দু'জন ছাত্রীসহ ৩৯জনকে নকলের দায়ে গ্রেফতার করা হয়েছে। এরমধ্যে বাবুগঞ্জ ৮, মুলাদী ৫, মেহেদীগঞ্জ ১০, সদরে ২, গৌরনদী ৫, উজিরপুর ৮, বানরীপাড়া ৯, ও বাখেরগঞ্জ ২।